

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া

ইনোভেশন কমিটির সভা

বিষয়ঃ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া এর ইনোভেশন টিমের সদস্যদের সমন্বয়ে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভার কার্যবিবরণী এবং Service Process Simplification (SPS) প্রতিবেদন তৈরীর বিষয়ে মতামত বিনিময়।

সভাপতিঃ ড. মোহাম্মদ মুনসুর রহমান, পরিচালক

সভার তারিখ ও সময়ঃ ১১ আগস্ট ২০২০, রোজ মঙ্গলবার, সকাল ১১:০০ ঘটিকা।

সভার স্থানঃ Online Meeting (Using Zoom)

২। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-“ক” সদয় দ্রষ্টব্য।

৩। সভাপতি উপস্থিত ইনোভেশন টিমের সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং ইঞ্জিনিয়ার এসকে সায়েম ফেরদৌসকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর পরিপ্রেক্ষিতে অনুষ্ঠিত বিগত সভার সিদ্ধান্তসমূহের বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের অনুরোধ জানান। ইঞ্জিনিয়ার এসকে সায়েম ফেরদৌস পরবর্তীতে SPS বিস্তারিত প্রতিবেদন তৈরীর বিষয়ে সভায় অবহিত করেন। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়সমূহে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। আলোচন ও সিদ্ধান্তঃ


(ক) উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধিতে ২ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার আয়োজন।


সিদ্ধান্তঃ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার ইনোভেশন বিষয়ক কর্মশালা আয়োজনের জন্য ইনোভেশন কমিটির সদস্য জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্ম-পরিচালক ও ইঞ্জিনিয়ার এসকে সায়েম ফেরদৌস, উপ-পরিচালক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

(খ) সেবা সহজীকরণ (SPS) প্রতিবেদন তৈরীতে জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্ম-পরিচালক; জনাব তানবিরুল ইসলাম, উপ-পরিচালক ও জনাব অসীম কুমার সরকার, উপ-পরিচালক, ইঞ্জিনিয়ার এসকে সায়েম ফেরদৌসকে সহায়তা করবেন। উল্লেখ্য যে, প্রতিবেদনের প্রশিক্ষণ বিভাগের SPS প্রতিবেদন তৈরীতে জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্ম-পরিচালক; IP Camera and IP Phone বিষয়ক SPS প্রতিবেদন তৈরীতে জনাব অসীম কুমার সরকার, উপ-পরিচালক ও আরডিএ স্কুলে ICT সহায়তায় SPS করা বিষয়ে প্রশিক্ষণ প্রতিবেদন তৈরীতে জনাব তানবিরুল ইসলাম, উপ-পরিচালক ইঞ্জিনিয়ার এসকে সায়েম ফেরদৌসকে সহায়তা করবেন।

এছাড়া হোস্টেল ও হিসাব শাখা বিষয়ে ইঞ্জিনিয়ার এসকে সায়েম ফেরদৌস SPS প্রতিবেদন তৈরী করবেন এবং সকল SPS প্রতিবেদন একত্রিত করে ইঞ্জিনিয়ার এসকে সায়েম ফেরদৌস পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করেন।

৫। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ইঞ্জিনিয়ার এসকে সায়েম ফেরদৌস)
উপ-পরিচালক ও
সদস্য সচিব।


(ড. মোহাম্মদ মুনসুর রহমান)
পরিচালক (গবেষণা ও মূল্যায়ন বিভাগ) ও
ইনোভেশন অফিসার।

১১ আগস্ট ২০২০ইং তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকায় পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় Online Meeting (Using Zoom) এর অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা:

ক্রমিক	নাম ও পদবী	ই-মেইল এড্রেস
১.	ড. মোহাম্মদ মুনসুর রহমান, পরিচালক	mdmusur@hotmail.com
২.	জনাব মোঃ ফেরদৌস হোসেন খান, পরিচালক	ferdousrda@gmail.com
৩.	জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্ম-পরিচালক	mizannbt@yahoo.com
৪.	ইঞ্জিনিয়ার এসকে সায়েম ফেরদৌস, উপ-পরিচালক	sk.ferdou5151@gmail.com
৫.	জনাব তানবিরুল ইসলাম, উপ-পরিচালক	tanbir.ierbu@gmail.com
৬.	জনাব অসীম কুমার সরকার, উপ-পরিচালক	sarker.asim@gmail.com